

## সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০৮২

১২/ জানাযা সম্পর্কিত (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১৭, কবরের উপর জানাযার সালাত

باب الصَّلاَةِ عَلَى الْقَبْرِ

## আরবী

حَدَّتَنَا حَسَنُ بْنُ الرَّبِيعِ، وَمُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، قَالاَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ، إِدْرِيسَ عَنِ الشَّعْبِيِّ، عَنِ الشَّعْبِيِّ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم صلَّى عَلَى قَبْرٍ بَعْدَ مَا دُفِنَ فَكَبَّرَ عَلَيْهِ أَرْبَعًا . قَالَ الشَّيْبَانِيُّ فَقُلْتُ لِلشَّعْبِيِّ مَنْ حَدَّثَكَ بِهِذَا قَالَ الثِّقَةُ عَبْدُ اللَّهِ دُوْنَ فَكَبَّرَ عَلَيْهِ أَرْبَعًا . قَالَ الشَّيْبَانِيُّ فَقُلْتُ لِلشَّعْبِيِّ مَنْ حَدَّثَكَ بِهِذَا قَالَ الثِّقَةُ عَبْدُ اللَّهِ بُنُ عَبَّاسٍ . هَذَا لَفْظُ حَدِيثِ حَسَنٍ وَفِي رِوَايَةِ ابْنِ نُمَيْرٍ قَالَ انْتَهَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إلَى قَبْرٍ رَطْبٍ فَصلَلَى عَلَيْهِ وَصنَفُّوا خَلْفَهُ وَكَبَّرَ أَرْبَعًا . قُلْتُ لِعَامِرٍ مَنْ حَدَّثَكَ قَالَ الثِّقَةُ مَنْ شَهِدَهُ ابْنُ عَبَّاسٍ .

## বাংলা

২০৮২। হানান ইবনুর রাবী ও মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ ইবনু নুমায়র (রহঃ) ... শাবী (রহঃ) থেকে বর্ণিত যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম দাফন করার পর (মৃত ব্যাক্তির) কবরের সামনে জানাযার সালাত আদায় করলেন এবং এতে চার তাকবীর বলেছিলেন। শায়বানী (রহঃ) বলেন, আমি শা'বীকে জিজ্ঞাসা করলাম যে, আপনার কাছে এ হাদীস কে বর্ণনা করেছে? তিনি বললেন, নির্ভরযোগ্য রাবী আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)। এ পর্যন্ত হল হাসান (রহঃ) থেকে বর্ণিত হাদীসের শব্দাবলী।

কিন্তু ইবনু নুমায়র (রহঃ) এর বর্ণনায় আছে যে, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জানাযার সালাত আদায় করলেন এবং সাহাবীরা তাঁর পিছনে কাতার করলেন। আর তিনি চার তাকবীর বললেন। আমি আমর (রহঃ) কে জিজ্ঞাসা করলাম এ হাদীসটি তোমার কাছে কে বর্ণনা করেছে? তিনি বললেন, নির্ভরযোগ্য রাবী ইবনু আব্বাস (রাঃ)।

## **English**

Sha'bi reported that the Messenger of Allah (ﷺ) observed prayer over a



grave after the dead was buried and he recited four takbirs over him. Shaibani said:

I said to Sha'bi: Who narrated it to you? He said: An authentic one, 'Abdullah b. 'Abbas. This is the word of a hasan hadith. In the narration of Ibn Numair (the words are): The Messenger of Allah () went to the grave which had been newly prepared and prayed over it, and they also prayed who were behind him and he recited four takbirs. I said to 'Amir: Who narrated it to you? He said: An authentic one who saw him, i e. Ibn 'Abbas.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ শা'বী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন